

বার্ষিক উন্নয়ন কর্মসূচীভূক্ত প্রকল্পসমূহের (২০১৭-১৮ অর্থ বছর) বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত আগস্ট মাসের মাসিক পর্যালোচনা সভা

আজ ১৯ সেপ্টেম্বর সকাল ১১.০০ ঘটিকায় ঢাকার ইক্সটেন্স প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীভূক্ত (এডিবি) প্রকল্পসমূহের আগস্ট, ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত মাসিক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি'র সভাপতিত্বে পর্যালোচনা সভাটি অনুষ্ঠিত হয়। সভায় মন্ত্রী বলেন, আমাদের মন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচীভূক্ত প্রকল্পসমূহের অগ্রগতি জাতীয় অগ্রগতির তুলনায় ভাল এবং গত বছর এসময়ের তুলনায় কাজের অগ্রগতি বেশি। তিনি গণপূর্ত বিভাগকে নির্ধারিত সময়ে মধ্যে তাদের অংশের কাজ সম্পন্ন করা এবং মন্ত্রণালয় ও দণ্ডনির্দেশনা প্রকল্পের কাজের মানিটরিং কার্যক্রম জোরদার করার জন্য নির্দেশনা প্রদান করেন।

এডিপি'র মাসিক পর্যালোচনা সভায় ২০১৭-২০১৮ অর্থ বছরের বর্তমান অগ্রগতি তুলে ধরা হয়। সভায় সিদ্ধান্ত হয়, আগামী মাসে মাসিক পর্যালোচনা সভার পূর্বেই প্রকল্প সমূহের আগামী ১ বছরের কর্মপরিকল্পনা (এ্যাকশন প্লান) তৈরি করে জমা দিতে হবে। উল্লেখ্য, বর্তমানে ৮টি প্রকল্প যার মধ্যে ৬টি বিনিয়োগ ও ২টি কারিগরি সহায়তায় বাস্তবায়নাধীন রয়েছে। সভায় অন্যান্যের মধ্যে উপস্থিতি ছিলেন, মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি, অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) মোঃ আমিনুল ইসলাম এবং মন্ত্রণালয় ও দণ্ডনির্দেশনা প্রকল্পের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দসহ প্রকল্পসমূহের পরিচালকবৃন্দ।